যুগান্তর

তারিখ · 01 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৫

# কুয়েটে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**খুলনা ব্যুরো**

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। রোববার রাতে প্রথম ৫০৫৯ জনের মেধা তালিকা প্রকাশ করা হয়। ভর্তি পরীক্ষার ফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে। মেধাক্রম ও বিভাগ পছন্দ অনুযায়ী বিভিন্ন বিভাগে ১০০৫ আসনের বিপরীতে পর্যায়ক্রমে শিক্ষার্থী ভর্তি করা হবে। ১ম পর্যায়ে, মেধা তালিকার প্রথম ২০০০ জনকে ৩ ডিসেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১টার মধ্যে বিশ্ববিদ্যালয়ে রিপোর্টিং ও বিভাগ পছন্দের ফরম সংগ্রহ করতে হবে। ওই দিন সকাল সাড়ে ৯টা থেকে সনদপত্র যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার পর পছন্দ, মেধাক্রম ও আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের সম্ভাব্য বিভাগ বরাদ্দ দেয়া হবে।